ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৪৫৫</u>
উদয়পুর,২৫ আগস্ট,২০২৬

**বনমন্ত্রী ও উচ্চশিক্ষামন্ত্রীর উপস্থিতিতে**
**গোমতী জেলার পর্যালোচনা সভা অনুষ্ঠিত**

গোমতী জেলার বিভিন্ন ফ্ল্যাগশিপ কর্মসূচি ও উন্নয়নমূলক প্রকল্পের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে আজ উদয়পুরের সার্কিট হাউজের কনফারেন্স হলে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা এবং উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কিশোর বর্মন।

সভায় জেলার বিভিন্ন দপ্তরের চলমান ফ্ল্যাগশিপ প্রকল্প, উন্নয়নমূলক কর্মসূচি এবং সংশ্লিষ্ট বিভাগের কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। পর্যালোচনা সভায় বনমন্ত্রী অনিমেষ দেববর্মা বলেন, এই ধরনের পর্যালোচনা সভার মাধ্যমে জেলায় উন্নয়নমূলক কাজকর্মের গতি আসবে। সভায় উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন বলেন, এই ধরনের পর্যালোচনা সভার মূল উদ্দেশ্য হলো জেলায় চালু থাকা কেন্দ্রীয় ও রাজ্য সরকারের প্রকল্পগুলি সঠিকভাবে ও সঠিক সময়ে বাস্তবায়িত করা এবং এই জনকল্যাণমুখী প্রকল্পগুলির সুবিধা সাধারণ জনগণের কাছে পৌঁছে দেওয়া। তিনি বলেন, জনগণ যাতে প্রকল্পগুলির সুবিধা থেকে বঞ্চিত না হন সেই লক্ষ্যেই বর্তমান সরকার এই ধরনের পর্যালোচনা সভার আয়োজন করছে। এই পর্যালোচনা সভায় বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক তথ্য পাওয়ার পয়েন্ট ফরম্যাটে তুলে ধরা হয় এবং প্রকল্পগুলির বর্তমান পরিস্থিতি, অগ্রগতি, সমস্যা এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সভায় রাজ্য বিধানসভার অধ্যক্ষ রামপদ জমাতিয়া, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সহকারি সভাধিপতি সুজন কুমার সেন, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার, জেলার বিভিন্ন পঞ্চায়েত সমিতির এবং ব্লক উপদেষ্টা কমিটির চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানগণ, এমডিসি সহ গোমতী জেলার জেলাশাসক রিঙ্কু লাথের, অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য এবং অতিরিক্ত জেলাশাসক (পিপি) সঞ্জিত দেববর্মা, বিভিন্ন ব্লকের বিডিওগণ, বিভিন্ন দপ্তরের জেলা আধিকারিক ও প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

*****